

# রাবিতে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষ, ককটেল বিস্ফোরণ

আহত ৩



রাবিতে ছাত্রলীগের সংঘর্ষ। ছবি:সমকাল

রাবি প্রতিনিধি

প্রকাশ: ১২ মে ২০২৪ | ০২:০৬ | আপডেট: ১২ মে ২০২৪ | ০২:১০



রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষ চলছে। সংঘর্ষে ৩জন আহত হয়েছেন। এ সময় ৬টি ককটেল বিস্ফোরিত হয়েছে। শনিবার রাত ১১টার দিকে এ সংঘর্ষ শুরু হয়।

জানা যায়, শাখা ছাত্রলীগের সভাপতি মোস্তাফিজুর রহমান বাবু ও সাধারণ সম্পাদক আসাদুল্লা-হিল-গালিব এক পক্ষে অবস্থান নিয়েছেন। প্রতিপক্ষ শাখা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও সোহরাওয়ার্দী হল সভাপতি নিয়াজ মোর্শেদ। রাত ১১টায় সোহরাওয়ার্দী হলের গেষ্টরুমে বসাকে কেন্দ্র করে ঘটনার সূত্রপাত হয়। সোহরাওয়ার্দী হলেই সংঘর্ষ শুরু।

UNIBOTS

সোহরাওয়ার্দী হলে একদল অবস্থান নিয়েছে। অন্যদল সোহরাওয়ার্দী ও মাদারবক্সের মাঝের রাস্তায় অবস্থান নিয়েছে। এ ঘটনায় ৩ জন আহত হয়েছেন বলে জানা গেছে।